দৈনিক জনকণ্ঠ

২৫/৭/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# বুয়েটে কম্পিউটার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিপ্লোমা চালু ॥ দরখাস্ত আহ্বান

বুয়েট সংবাদদাতা ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) প্রথমবারের মতো কম্পিউটার বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রাম চালু করতে যাচ্ছে। এক বছর মেয়াদী এ ডিপ্লোমা কোর্সটিতে আসন সংখ্যা ৬০। সরকারের বিশেষ অর্থ বরাদ্দে এ ডিপ্লোমা কোর্সটিতে নির্বাচিত শিক্ষার্থীরা বিনাখরচে অংশগ্রহণ করবে। এ জন্য সরকার বুয়েটকে ৩ কোটি টাকা প্রদান করেছে। এদিকে এ কোর্স পরিচালনার মধ্য দিয়ে সদ্য প্রতিষ্ঠিত বুয়েট ইনস্টিটিউট অব ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজির কার্যক্রমের সূচনা হচ্ছে। বুয়েট কম্পিউটার সেন্টারকে এ ইনস্টিটিউটে রূপান্তর করা হয়েছে। ইতোমধ্যে ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। আগামী আগস্টের মাঝামাঝি সময়ে বিশ্ববিদ্যালয়ের নিয়মিত সময়সূচীতে শুরু হবে এ কোর্সের কার্যক্রম। কোর্সে ভর্তির জন্য যোগ্যতা নির্ধারণ করা হয়েছে কোন তৃতীয় বিভাগ ছাড়া কমপক্ষে দু'টি প্রথম বিভাগসহ বিজ্ঞানের যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী। ভর্তির আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২৯ জুলাই এবং ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৪ আগস্ট।

উল্লেখ্য, এই ডিপ্লোমা কোর্সটি বুয়েট ছাড়াও অচিরেই ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চালু হচ্ছে। এ জন্য প্রত্যেক বিশ্ববিদ্যালয়কে সরকার ৩ কোটি টাকা করে প্রদান করেছে।